

আন্তর্জাতিক ক্রেডিট কার্ড ব্যবহারে এখন আরও উদারতা

৩০শে জানুয়ারী, ২০০৩

ভারতের যে কোনও কার্ড সরবরাহকারীর থেকে বসবাসকারী, কোনও ব্যক্তি, এমন কি কোনও প্রতিষ্ঠানও আন্তর্জাতিক ক্রেডিট কার্ড নিতে পারেন। কার্ড সরবরাহকারীগণ তাদের ক্রেডিট উপলব্ধি অনুযায়ী এই কার্ডগুলির ক্রেডিট সীমা নির্দিষ্ট করেন।

বসবাসকারীদের ক্রেডিট একাউন্ট লেনদেনের জন্য বিদেশী মুদ্রা তোলা আরও উদার করার প্রচেষ্টায়, এখন এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে ব্যক্তিগত ভ্রমণের জন্য বছরে ১০,০০০ ইউ.এস.ডলার অবধি এবং বাণিজ্য সংক্রান্ত ভ্রমণের জন্য ২৫,০০০ ইউ.এস.ডলার অবধি ও আন্তর্জাতিক সম্মেলন/প্রশিক্ষণ/চিকিত্সা সংক্রান্ত খরচ আন্তর্জাতিক ক্রেডিট কার্ডের খরচে প্রযোজ্য হবে না। এই সুবিধা সব বসবাসকারীর কাছেই প্রাপ্তিযোগ্য, কার্ড সরবরাহকারীর নির্দিষ্ট ক্রেডিট সীমা সাপেক্ষে।

এটা পরিষ্কার করে দেওয়া হচ্ছে যে, ভারতের বাইরে বা ভারতবর্ষের ভিতর ক্রেডিট কার্ড ব্যবহারের খরচের কোনও সীমারেখা, রিজার্ভ ব্যাংক দ্বারা, ফরেন এক্সচেঞ্জ ম্যানেজমেন্ট এক্ট (এফ.ই.এম.এ.)-এর খাতে, আলাদা করে নির্দিষ্ট করা নেই।

রিজার্ভ ব্যাংকের ২৭শে জুন, ২০০২ তারিখের এ.পি.(ডি.আই.আর.সিরিজ)সারকুলার নং ৫৩-তে যেমন ঘোষণা করা হয়েছে, বিদেশে ভ্রমণ সংক্রান্ত খরচ ছাড়াও, আন্তর্জাতিক ক্রেডিট কার্ড, ইন্টারনেট-এ, যে কোনও প্রয়োজনে, যার জন্য কোন ভারতীয় অনুমোদিত ডিলারের থেকে মুদ্রা বিনিময় করা যাবে, যেমন বই আমদানি, ডাউনলোডযোগ্য কোনও সফটওয়্যার বা এক্জিম পলিসিতে অনুমোদিত যে কোন জিনিষ আমদানি, ব্যবহার করা যাবে। ইন্টারনেট-এর মাধ্যমে আন্তর্জাতিক ক্রেডিট কার্ড ব্যবহারের কোনও থোক অর্থের সীমাও আলাদাভাবে নির্দিষ্ট করা নেই।

কিন্তু, এটা পরিষ্কার করে দেওয়া হচ্ছে যে, আন্তর্জাতিক ক্রেডিট কার্ড, ইন্টারনেট-এ বা অন্য কোথাও নিষিদ্ধ জিনিষের জন্য, যেমন লটারীর টিকিট, নিষিদ্ধ বা বেআইনি ম্যাগাজিন, সুইপস্টেক-এ অংশগ্রহণ, কল-ব্যাংক সেবার অর্থ প্রদান, ইত্যাদির জন্য ব্যবহার করা যাবে না, কারণ এইসবের জন্য বিদেশী মুদ্রা তোলার অনুমতি নেই।

আলপনা কিন্নাওয়াল
জেনারেল ম্যানেজার

প্রেস বিজ্ঞপ্তি: 2002-2003/800